

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd


নথি নং- ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১৮.১৭ ১২০

তারিখ : ২৬ মার্চ, ১৪২৩
৮ ফেব্রুয়ারি ২০১৭

বিষয় : উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) ও পরিচালক, স্থানীয় সরকার (ডিএলজি) গণের নামে অফিসিয়াল ই-মেইল আইডি এবং গ্রুপ ই-মেইল সৃজন

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জেলা পর্যায়ে কর্মরত ডিডিএলজিগণ মাঠ প্রশাসনের গুরুত্বপূর্ণ কাজসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের সাথে নিবিড়ভাবে জড়িত। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সাথে নিয়মিত যোগাযোগ, বিভিন্ন তথ্য ও নির্দেশনা আদান-প্রদান, মাঠ প্রশাসনের কার্যক্রম তদারকিসহ স্থানীয় সরকার কার্যক্রমের সাথে ডিডিএলজিগণ সরাসরি সম্পৃক্ত থাকেন। উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণের নামে অফিসিয়াল ই-মেইল আইডি থাকলেও পরিচালক স্থানীয় সরকার ডিএলজি এবং উপপরিচালক স্থানীয় সরকার (ডিডিএলজি) গণের নামে অফিসিয়াল ই-মেইল আইডি এবং গ্রুপ ই-মেইল অদ্যাবধি তৈরি করা হয়নি। স্থানীয় সরকার বিভাগ হতে তাদের সাথে প্রায় প্রতিদিনই যোগাযোগ করতে হয়। অফিসিয়াল ই-মেইল আইডি এবং গ্রুপ ই-মেইল না থাকায় তাঁদের ব্যক্তিগত ই-মেইলে তথ্যাদি পেরণ করতে হয়। বদলীজগিত কারণে বা প্রশিক্ষণে থাকলে তাঁদের সাথে যোগাযোগ করা এবং তথ্য আদান প্রদান করা দুঃসাধ্য হয়ে পড়ে।

০২। এমতাবস্থায়, সকল উপ-পরিচালক, স্থানীয় সরকার ডিডিএলজি এবং পরিচালক স্থানীয় সরকার (ডিএলজি) গণের নামে অফিসিয়াল আইডি এবং গ্রুপ ই-মেইল সৃজনপূর্বক ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।